



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৯ জুলাই, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক নির্বাহী কমিটি (একনেক)-এর ২০১৯-২০ অর্থবছরের ১ম সভায় আজ ০৯ জুলাই, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প প্রস্তাব অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয় সার্বিক অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে এই প্রকল্প বাস্তবায়নের মোট ব্যয় ধরা হয়েছে ৯৮৭ কোটি ৭৯ লক্ষ টাকা।

প্রকল্পের আওতায় ২১০০ জন ছাত্র-ছাত্রীদের আবাসন সুবিধা সম্বলিত ১০ তলা বিশিষ্ট ২টি হল, গ্র্যাজুয়েট ও বিদেশী ছাত্রদের জন্য ৭ তলা বিশিষ্ট ১টি হোস্টেল, সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের ১১ তলা বিশিষ্ট ২টি আবাসিক ভবন, জুনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের ১১ তলা বিশিষ্ট ২টি আবাসিক ভবন, কর্মচারীদের জন্য ১০ তলা বিশিষ্ট ১টি আবাসিক ভবন, ১০ তলা বিশিষ্ট ৩য় প্রশাসনিক ভবন, ১০ তলা বিশিষ্ট ৪টি শিক্ষা ভবন, বিশ্ববিদ্যালয়ের পরিবহনের কেন্দ্রীয় ওয়ার্কশপ, বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের ৬ তলা বিশিষ্ট ১টি ভবন, ৪ তলা বিশিষ্ট ১টি হল মসজিদ, পরিবহনের কেন্দ্রীয় গ্যারেজ বর্ধিতকরণ, ক্যাম্পাসের প্রধান সড়কের উভয় পাশে ১৫ মিটার স্প্যানের ২টি ব্রীজ এবং ৩৩/১১ কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ ও স্থাপন করা হবে।

উল্লেখ্য, পূর্বে অনুমোদিত উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)-এর বাস্তবায়ন প্রক্রিয়া এগিয়ে চলছে। সরকারের প্রয়োজনীয় অনুমোদন পাওয়া মাত্রই প্রকল্পের কাজের অগ্রগতি দৃশ্যমান হবে। এ প্রকল্পে মোট ২০০ কোটি ৩৮ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।

আজকের একনেক সভায় অধিকতর উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)-এর প্রস্তাব অনুমোদিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি অন্য সংশ্লিষ্ট সকলের প্রতিও কৃতজ্ঞতা জানিয়ে প্রকল্প বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা কামনা করেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার